

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৮.২৩- ৬৯৩

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১  
২৬ মে ২০২৪

**২য় কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু, আপনি জনাব মোঃ হুমায়ুন কবির ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনকালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় 'ফেনী জেলার ছাগলনাইয়া পৌরসভা অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় ৩ (তিন) টি প্যাকেজের Tender Security বাবদ বাজেয়াপ্তকৃত অর্থ চালানমূলে সরকারি কোষাগারে যথাসময়ে জমা প্রদান করেননি; এবং

যেহেতু, বর্ণিত প্রকল্প পরিচালকের কার্যালয় হতে বার বার বলার পর আপনার স্বাক্ষরিত ৩ (তিন) টি জমাকৃত চালান প্রকল্প কার্যালয়ে প্রেরণ করেন। কিন্তু উক্ত চালানগুলি Online Verify করলে তিনটির মধ্যে দুইটি [টেন্ডার আইডি নং ৮২৭১৫১ এর ১,৪০,০০০.০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং টেন্ডার আইডি নং ৮২৭১৪৬ এর ৩,৫০,০০০.০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার)] টাকার চালান ফরম সঠিক পাওয়া যায়নি;

যেহেতু, আপনি প্রায় অফিসে উপস্থিত থাকেন না এবং সঠিকভাবে দায়িত্ব পালন করেন না;

যেহেতু, আপনার বিরুদ্ধে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ) ও (চ) অনুযায়ী 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'আত্মসাৎ বা প্রতারণা' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০৮/২০২৩ রুজু করা হয় এবং আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুতক্রমে আপনার স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, এ বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ) ও (চ) অনুযায়ী 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'আত্মসাৎ বা প্রতারণা' এর অভিযোগ প্রমাণিত হয়েছে, যা উক্ত বিধিমালার বিধি ৪১ এর উপ-বিধি (১)(খ)(ঈ) চাকুরী হতে বরখাস্ত যোগ্য অপরাধ;

সেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪১ এর উপ-বিধি (১)(খ)(ঈ) অনুযায়ী আপনাকে কেন পৌরসভার চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালায় বর্ণিত অন্য কোন গুরুদণ্ড আরোপ করা হবে না তার লিখিত ব্যাখ্যা এ নোটিশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব পাওয়া না গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই মর্মে ধরে নেয়া হবে এবং আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

মুহম্মদ ইব্রাহিম  
সচিব

জনাব মোঃ হুমায়ুন কবির  
নির্বাহী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত)  
ছাগলনাইয়া পৌরসভা, ফেনী

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, ছাগলনাইয়া পৌরসভা, ফেনী
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)